পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি
POWER GRID BANGLADESH PLC
(An Enterprise of Bangladesh Power Development Board)

Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 Web: www.powergrid.gov.bd

স্মারক নং- ২৭.২১.০০০০.৪৫৫.১৮.৪৬.২৩. ১৮৮৭ তারিখঃ ২৪/০৯/২০২৬খ্রিঃ

ঈশ্বরদী-বাঘাবাড়ি ১৩২ কেভি সিঙ্গেল সার্কিট লাইন হতে পাবনা উপকেন্দ্র পর্যন্ত LILO (ডাবল সার্কিট) সঞ্চালন লাইন চালুর সতর্কীকরণ বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক বাস্তবায়নাধীন "বিদ্যমান গ্রিড উপকেন্দ্র ও সঞ্চালন লাইনের ক্ষমতাবর্ধন" প্রকল্পের ঈশ্বরদী-বাঘাবাড়ি ১৩২ কেভি সিঙ্গেল সার্কিট সঞ্চালন লাইন হতে পাবনা উপকেন্দ্র পর্যন্ত লাইন-ইন-লাইন-আউট (ডাবল সার্কিট) লাইন ০২ অক্টোবর ২০২৬, শুক্রবার, দুপুর ১২:০০ টায়, ১৩২ কেভি বা ১,৩২,০০০ ভোল্টেজ দ্বারা চালু করা হবে। চালুর পর হতে উক্ত বৈদ্যুতিক লাইন সার্বক্ষণিক ১,৩২,০০০ ভোল্টেজে বিদ্যুতায়িত থাকবে। উক্ত লাইনটি ঈশ্বরদী গ্রিড উপকন্দ্র হতে পাবনা জেলার সদর উপজেলাধীন রাধানগর ও মনোহরপুর মৌজার উপর দিয়ে পাবনা গ্রিড উপকেন্দ্রের সাথে যুক্ত হয়েছে।

নবনির্মিত ১৩২ কেভি বিদ্যুৎ সঞ্চালন লাইনের টাওয়ারসমূহে আরোহন, গবাদি পশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও বড় বৃক্ষাদি রোপন প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার জন্য এবং সঞ্চালন লাইন হতে নিরাপদ দূরত্ব বজায় রাখার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। উচ্চ ভোল্টেজে বিদ্যুতায়িত উক্ত সঞ্চালন লাইন/ টাওয়ারের সংস্পর্শে এসে কেউ দূর্ঘটনার শিকার হলে পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রবীর চন্দ্র দত্ত
প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)
বিদ্যমান গ্রিড উপকেন্দ্র ও সঞ্চালন লাইনের ক্ষমতাবর্ধন প্রকল্প